# সার্ভাইক্যাল স্ক্রীনিং বা গর্ভাশয় পরীক্ষার ফলাফলে প্রান্তিক বা মৃদু ডিস্‌ক্যারিওসিস্ (dyskaryosis) ধরা পড়েছে এমন নারীদের জন্য HPV (এইচপিভি) পরীক্ষা

নারীদের জন্য তথ্য

## HPV কি ?

HPV'র অর্থ হলো হিউম্যান প্যাপিলোমা ভাইরাস্ (Human Papilloma Virus)।

HPV সারভিক্স বা গর্ভাশয়ের একটা অতি সাধারণ সংক্রমণ।

অধিকংশ নারীরই জীবনের কোন একটা সময়ে এই ভাইরাস্ বা রোগবীজাণুর সংক্রমণ ঘটে। অনেক ক্ষেত্রেই এর চিকিৎসার দরকার হয় না এবং দেহই নিজে থেকে এটাকে সারিয়ে নেয়।

HPV'র বহু ধরন আছে এবং তাদের বেশীর ভাগই নির্দোষ। কয়েকটা ক্ষেত্রে সারভিক্স বা গর্ভাশয়ের সঙ্কীর্ণ অংশে কিছু অস্বাভাবিকতা দেখা দিতে পরে। এগুলি 'উচ্চ ঝুঁকির' HPV বলে পরিচিত। প্রায়ই, রোগবীজাণুর অস্তিত্ব দূর হওয়ার সাথে সাথে গর্ভাশয়ের অস্বাভাবিকতাও দূর হয়ে যায়। কিছু নারীর ক্ষেত্রে রোগবীজাণু থেকে যেতে পারে এবং এই নারীদের গর্ভাশয়ের অস্বাভাবিকতা (CIN) দেখা দেওয়ার ঝুঁকি আরো বেশী যার জন্য চিকিৎসার দরকার হতে পারে।

## লোকজনের কিভাবে HPV সংক্রমণ হয় ?

যে'সব লোকজন কোন সময়ে সক্রিয় যৌন জীবনযাপন করেছে তাদের ক্ষেত্রে HPV একটা অতি সাধারণ সংক্রমণ। যেহেতু এই রোগবীজাণুর কোন স্পষ্ট লক্ষণ দেখা যায় না সে'জন্য এটা সম্ভব যে :

- ঐ ব্যক্তি কিছু না জেনেই বহু বছর ধরে এই সংক্রমণে আক্রান্ত ছিল।
- তার কোন পার্টনার বা জীবনসাথীর বহু বছর আগে এই সংক্রমণ হয়েছিল এবং সেও তা জানতো না।

## আমার পরীক্ষা কেন করা হবে ?

যে'সব নারীর পরীক্ষার ফলাফলে প্রথমবারের মতো প্রান্তিক বা মৃদু ডিস্‌ক্যারিওসিস্-এর অস্তিত্ব ধরা পড়ে তাদের দেহ থেকে সংগৃহীত নমুনার HPV পরীক্ষা করা হয়। অতীতের কোন অস্বাভাবিকতার দরুণ গোড়ার দিকেই যে'সব নারীর পরীক্ষা করা হয় তাদের HPV পরীক্ষা করা হয় না।

যে'সব নারী প্রান্তিক বা মৃদু ডিস্‌ক্যারিওসিস্-এ আক্রান্ত তাদের ক্ষেত্রে চিকিৎসার প্রয়োজন হতে পারে এমন উল্লেখযোগ্য অস্বভাবিকতা ধরা পড়ার সম্ভাবনা কেবলমাত্র 15-20%। HPV পরীক্ষা এ'জন্য জরুরী যে চিকিৎসার প্রয়োজন হতে পারে এমন নারীদের শনাক্ত করার এটা একটা কার্যকর পদ্ধতি।

অতীতের একটা পরীক্ষামুলক NHS গবেষণায় দেখা যায় যে HPV পরীক্ষা বার বার অপ্রয়োজনীয় স্ক্রীনিং এড়াতে পারে, এবং যদি এমন কোন অস্বাভাবিকতা থাকে যার চিকিৎসা দরকার সেটা তাড়াতাড়ি ধরা পড়ে।

## এই পরীক্ষা কিভাবে করা হয় ?

আপনার স্ক্রীনিং পরীক্ষার সময়ে সংগ্রহ করা সেল বা জীবকোষের নমুনা ব্যবহার করে' এই পরীক্ষা করা হয় যাতে আপনাকে কোন দ্বিতীয় পরীক্ষার জন্য ফিরে আসতে হবে না। এই নমুনা লেবোরেটরী বা পরীক্ষাগারে বিশ্লেষণ করা হবে এবং তার ফলাফল আপনাকে লিখিতভাবে পাঠানো হবে।

## আমার HPV সংক্রমণ হয়ে থাকলে কি হবে ?

আপনার নমুনায় যদি HPV পাওয়া যায়, আপনাকে কলপোস্কোপী (colposcopy) পরীক্ষার জন্য ডাকা হবে। কলপোস্কোপী হলো সারভিক্স বা গর্ভাশয়ের সঙ্কীর্ণ অংশ ভালোভাবে পরীক্ষা করা যাতে জানা যায় যে আপনার কোন চিকিৎসার দরকার আছে কি না। যদি আপনার চিকিৎসার দরকার হয় আপনাকে সাধারণতঃ চিকিৎসাকেন্দ্রের বহির্বিভাগে দেখা হবে যার অর্থ হলো যে আপনাকে রাত্রে সেখানে থাকতে হবে না। আপনি যদি কলপোস্কোপী সম্পর্কে আরো বিস্তারিত জানতে চান, আপনার জিপি, নমুনা সংগ্রহকারী অথবা স্থানীয় স্বাস্থ্যকেন্দ্রের সঙ্গে কথা বলতে পারেন। এ'ছাড়াও আপনি আমাদের প্রচারপত্র Cervical Screening – The Colposcopy Examination' ('সারভাইক্যাল স্ক্রীনিং – দ্য কলপোস্কোপী এক্সামিনেশন') পড়তে পারেন।

## HPV সম্পর্কে আরো বিস্তারিত আমি কেথায় জানতে পারবো ?

HPV পরীক্ষা অথবা এই ফ্যাক্টশীট বা তথ্যপত্রে উল্লিখিত অন্য যে কোন বিষয় সম্পর্কে যদি আপনি আরো বিস্তারিত তথ্য চান, আপনার প্র্যাক্‌টিস্ নার্সের সঙ্গে আপনি কথা বলতে পারেন, অথবা এনএইচএস্ ক্যান্সার স্ক্রীনিং প্রোগ্রামস্ (NHS Cancer Screening Programmes) ওয়েবসাইট দেখতে পারেন, এই ঠিকানায় :

www.cancerscreening.nhs.uk